

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন  
১০৮ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

বিষয়: যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত)-শীর্ষক প্রকল্পের ২০২৫-২০২৬ অর্থবছরে বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনের লক্ষ্যে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও প্রকল্পের সার্বিক কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : এ কে এম মফিজুল ইসলাম

সভার তারিখ : ১৫-০৩-২০২৬ খ্রি.

সময় : বেলা ২.৩০ টা

সভার স্থান : ভার্চুয়াল সভা

সভায় উপস্থিতি : সভায় জুম প্ল্যাটফর্মে ৬৪ জেলার উপপরিচালক এবং প্রকল্পের বিভাগ ও জেলার জনবল উপস্থিত ছিলেন।

সভাপতি জুম প্ল্যাটফর্মে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রকল্পের চলতি অর্থবছরে (২০২৫-২০২৬) জুলাই ২০২৫ থেকে ফেব্রুয়ারি ২০২৬ মাস অর্থাৎ ০৮ মাসের লক্ষ্যমাত্রা অনুযায়ী নির্মিত বায়োগ্যাস প্ল্যান্টের অগ্রগতি ও ঋণ বিষয়ে আলোচনা করেন। আগামী ০৩(তিন) মাসে বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের লক্ষ্যমাত্রা কিভাবে অর্জন করা সম্ভব তার কর্মপরিকল্পনা সভায় জানতে চাওয়া হয়। উপপরিচালকগণ সভাকে অবহিত করেন যে, আগামী ০৩(তিন) মাসে অবশিষ্ট লক্ষ্যমাত্রা বাস্তবায়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও অগ্রগতি অর্জনে তারা সর্বাত্মক চেষ্টা করবেন।

বেশ কিছু জেলায় লক্ষ্যমাত্রা অনুযায়ী বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণের অগ্রগতি একেবারেই সন্তোষজনক নয়। এ বিষয়ে সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। স্ব-স্ব জেলা প্রকল্পের জনবলের সাথে বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করে বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণে বছরের অবশিষ্ট ০৩(তিন)মাসে লক্ষ্যমাত্রা অবশ্যই অর্জন করতে হবে মর্মে সভাপতি নির্দেশনা প্রদান করেন।

সভাপতি সভায় ০৩(তিন)দিন মেয়াদী 'বায়োগ্যাস প্ল্যান্ট রক্ষণাবেক্ষণ ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক' প্রশিক্ষণ বিষয়ে আলোচনা করেন। ব্যাচ প্রতি ৩০(ত্রিশ)জন প্রশিক্ষার্থী যারা ইমপ্যাক্ট (৩য় পর্যায়) প্রকল্পে বায়োগ্যাস প্ল্যান্ট নির্মাণ করেছেন এমন উপকারভোগীদের প্রশিক্ষণের আওতাভুক্ত করার নির্দেশনা প্রদান করেন।

জনাব মোঃ হামিদুর রহমান, উপপরিচালক (ইমপ্যাক্ট)-৩য় পর্যায় (২য় সংশোধিত), সভাকে জানান 'দুর্গায়মান তহবিল অনুদান' খাতে উপজেলা ভিত্তিক বরাদ্দকৃত বাজেট আইবাস++ হতে উত্তোলনপূর্বক (মূলধন তহবিল সংগ্রহ ও আদায়কৃত মূলধন জমা) ব্যাংক হিসাবে জমা প্রদান নিশ্চিত করার জন্য অনুরোধ করেন। তিনি সভাকে জানান, বাদের কাছে ঋণের কিস্তির টাকা রয়েছে দ্রুত ব্যাংক হিসাবে জমা প্রদানপূর্বক পিআইইউ কার্যালয়কে অবহিত করতে হবে।

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

১. যাভায়াত ব্যয় প্রদানের ক্ষেত্রে নির্মিত বায়োগ্যাস প্ল্যান্ট বিবেচনা করতে হবে।
২. 'বায়োগ্যাস প্ল্যান্ট রক্ষণাবেক্ষণ ও বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ক' প্রশিক্ষণ ব্যাচ এর তালিকা চূড়ান্তপূর্বক প্রদত্ত রাখতে হবে।
৩. 'বায়োগ্যাস প্ল্যান্ট স্থাপনে উদ্বুদ্ধকরণ বিষয়ক' প্রশিক্ষণ ব্যাচের তালিকা নির্ধারিত হকে পিআইইউ কার্যালয়ে পাঠাতে হবে।

৪. 'দুর্গায়মান তহবিল অনুদান' খাতে বরাদ্দকৃত বাজেট যে সকল উপজেলা এখনো আইবাস++ হতে উত্তোলনপূর্বক (মূলধন তহবিল সংগ্রহ ও আদায়কৃত মূলধন জমা) ব্যাংক হিসাবে জমা প্রদান করেননি, দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য উপপরিচালকগণকে অনুরোধ করা হলো।

সভার আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১  
১৫ মার্চ ২০২৬  
এ কে এম মফিজুল ইসলাম  
প্রকল্প পরিচালক  
ইমপ্যাক্ট-৩য় পর্যায়  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ৩৪.০১.০০০০.০৪৪.০৬.৮৬.২৫-২৭০৩

তারিখ: ০১ চৈত্র ১৪৩২  
১৫ মার্চ ২০২৬

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থেঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। মুদ্রাসচিব (উন্নয়ন-১ অধিশাখা), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। পরিচালক(পরিকল্পনা), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৩। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর,.....(সকল) জেলা।

০৪। প্রোগ্রামার, আইসিটি, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রচারের অনুরোধসহ)।

০৫। মহাপরিচালক (শ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

০৬। অফিস কপি।

১৫ মার্চ ২০২৬  
মোঃ হামিদুর রহমান  
উপপরিচালক  
ইমপ্যাক্ট-৩য় পর্যায় প্রকল্প  
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।